স্বভাবসুলব এসব বস্তুসমূহের প্রতিই ধাবিত হতে থাকে এবং তাকেই উত্তম মনে করে। অথচ পরকালের নিয়ামতের তুলনায় পার্থিব ভোগ বিলাস একেবারেই মূল্যহীন। শানেনুযূল ঃ আয়াত-১৮ ঃ ১ ইমাম বগভী (রঃ) বলেন, সিরিয়া থেকে দুজন বিশিষ্ট ইহুদী পণ্ডিত একবার মদীনায় উপনীত হয়ে মদীনার আবাসিক এলাকা দেখে মন্তব্য করেন যে, শেষ যমানার নবী যে ধরনের লোকালয়ে বসবাস করবেন বলে তওরাত কিতাবে ভবিষ্যদ্বাণী রয়েছে এটা ঠিক সে রকম বলে মনে হয়। এর পর তারা জানতে পারলেন যে, এখানে একজন মহান ব্যক্তি আছেন, যাঁকে সবাই নবী বলে আখ্যায়িত করে।

يَأْمُرُونَ بِالْقِسْطِ مِنَ النَّاسِ ۙ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢١﴾ أُولَٰئِكَ الَّذِينَ

ইয়া'মুরূনা বিল্ ক্বিস্ত্বি মিনান্না-সি ফাবাশ্শির্হুম্ বি'আযা-বিন্ আলীম্। ২২। উলা — য়িকাল্লাযীনা

কাজের নির্দেশ দাতাদেরকেও, তাদেরকে পীড়াদায়ক শাস্তির সুসংবাদ দিন। (২২) এরাই সেই লোক যাদের কার্যাবলী

حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۖ وَمَا لَهُمْ مِنْ نَاصِرِينَ ﴿٢٢﴾ أَلَمْ تَرَ إِلَى

হাবিত্বোয়াত্ আ'মা-লুহুম্ ফিদ্দুন্ইয়া-অল্ আ-খিরাতি অমা-লাহুম্ মিন্ না-ছিরীন্। ২৩। আলাম্ তারা ইলাল্

দুনিয়া ও আখেরাতে নষ্ট হয়েছে; তাদের জন্য কোন সাহায্যকারী নেই। (২৩) আপনি কি লক্ষ্য করেননি

الَّذِينَ أُوتُوا نَصِيبًا مِنَ الْكِتَابِ يُدْعَوْنَ إِلَىٰ كِتَابِ اللَّهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ ثُمَّ

লাযীনা উতূ নাছীবাম্ মিনাল্ কিতা-বি ইয়ুদ'আওনা ইলা- কিতা-বিল্লা-হি লিইয়াহ্কুমা বাইনাহুম্ ছুম্মা

কিতাবের একাংশ প্রাপ্তদের প্রতি? তাদেরকে আল্লাহর কিতাবের প্রতি ডাকা হয়েছে যেন তা তাদের মাঝে মীমাংসা করে;

يَتَوَلَّىٰ فَرِيقٌ مِنْهُمْ وَهُمْ مُعْرِضُونَ ﴿٢٣﴾ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لَنْ تَمَسَّنَا النَّارُ إِلَّا

ইয়াতাওয়াল্লা- ফারীক্বুম্ মিন্হুম্ অহুম্ মু'রিদ্বূন্। ২৪। যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লান্ তামাস্সানান্না-রু ইল্লা~

কিন্তু তাদের একদল মুখ ফিরিয়ে নেয়, তারাই অমান্যকারী। (২৪) কারণ, তারা বলে যে, কয়েকদিন ছাড়া আমরা

أَيَّامًا مَعْدُودَاتٍ ۖ وَغَرَّهُمْ فِي دِينِهِمْ مَا كَانُوا يَفْتَرُونَ ﴿٢٤﴾ فَكَيْفَ إِذَا

আইয়্যা-মাম্ মা'দূদা-তিওঁ অগার্রাহুম্ ফী দীনিহিম্ মা- কা-নূ ইয়াফ্তারূন্। ২৫। ফাকাইফা ইযা-

জাহান্নামে থাকব না; দ্বীনের ব্যাপারে এ মিথ্যা ধারণাই তাদের প্রতারিত করেছে। (২৫) সন্দেহমুক্ত সে

جَمَعْنَاهُمْ لِيَوْمٍ لَا رَيْبَ فِيهِ ۚ وَوُفِّيَتْ كُلُّ نَفْسٍ مَا كَسَبَتْ وَهُمْ لَا

জ্বামা'না-হুম্ লিইয়াওমিল্ লা-রাইবা ফীহি অউফ্ফিয়াত্ কুল্লু নাফ্সিম্ মা- কাসাবাত্ অহুম্ লা-

একত্রিত হবার দিনে তাদের কি অবস্থা হবে, যেদিন প্রত্যেকের কর্মফল প্রদান করা হবে তাদের প্রতি কোন জুলুম

يُظْلَمُونَ ﴿٢٥﴾ قُلِ اللَّهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَاءُ وَتَنْزِعُ الْمُلْكَ

ইয়ুজ্লামূন্। ২৬। ক্বুলিল্লা-হুম্মা মা-লিকাল্ মুল্কি তু''তিল্ মুল্কা মান্ তাশা — উ অ তান্যি'উল্ মুল্কা

করা হবে না। (২৬) বলুন, হে আল্লাহ! রাজ্যের মালিক তো আপনিই; যাকে ইচ্ছা রাজত্ব দেন আর যার কাছ থেকে

مِمَّنْ تَشَاءُ وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ ۖ بِيَدِكَ الْخَيْرُ ۖ إِنَّكَ

মিম্মান্ তাশা — উ অ তু'ইয্যু মান্ তাশা — উ অতুযিল্লু মান্ তাশা — উ; বিইয়াদিকাল্ খাইর্; ইন্নাকা

ইচ্ছা কেড়ে নেন; ইচ্ছামত সম্মান দেন আর ইচ্ছেমত লাঞ্ছিত করেন; আপনার হাতেই সমস্ত কল্যাণ নিহিত,

তারা রাসূলুল্লাহ (ছঃ)-এর দরবারে উপস্থিত হলেন। তাঁর প্রতি দৃষ্টি পড়তেই তওরাতে বর্ণিত আখেরী নবীর গুণাবলী তাদের সামনে ভেসে উঠে। তারা বললেন, আপনি কি মুহাম্মদ? তিনি বললেন, হ্যাঁ। তারা জিজ্ঞাসা করলেন, আপনি কি আহমদ? তিনি বললেন, হাঁ। তারা আরও বললেন, আমরা আপনাকে একটি প্রশ্ন করব। আপনি সঠিক উত্তর দিতে পারলে আমরা আপনার উপর ঈমান আনব। রাসূলুল্লাহ (ছঃ) বললেন, জিজ্ঞাসা করুন। তারা বললেন, আসমানী কিতাবসমূহের মধ্যে আল্লাহ তা'আলা সম্পর্কিত সর্ববৃহৎ সাক্ষ্য কি? এ প্রশ্নের উত্তরে আলোচ্য আয়াত অবতীর্ণ হয়। রাসূলুল্লাহ (ছঃ) আয়াতটি তিলাওয়াত করে তাদের শুনিয়ে দিলে তারা তৎক্ষণাৎ মুসলমান হয়ে যান। (তফসীরে মাআরেফুল কুরআন)।

عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٢٧﴾ تُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَتُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ ز

'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ২৭। তূলিজু্ল লাইলা ফিন্নাহা-রি অতূলিজু্ন নাহা-রা ফিল্লাইলি
নিশ্চয়ই আপনিই সর্বশক্তিমান। (২৭) নিশ্চয়ই আপনি রাতকে দিনে এবং দিনকে রাতে প্রবেশ করান,

وَتُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَتُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَىِّ ز وَتَرْزُقُ مَنْ

অতুখ্রিজু্ল্ হাইয়্যা মিনাল মাইয়্যিতি অতুখ্রিজু্ল্ মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি অতার্জু্ক্বু মান্
আপনিই মৃত হতে জীবিত এবং জীবিত হতে মৃত বের করেন; আপনি যাকে ইচ্ছা

تَشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢٨﴾ لَا يَتَّخِذِ الْمُؤْمِنُوْنَ الْكٰفِرِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ

তাশা — উ বিগাইরি হিসা-ব্। ২৮। লা-ইয়াত্তাখিযিল্ মু''মিনূনাল্ কা-ফিরীনা আওলিয়া — য়া মিন্ দূনিল্
অগণিত রুযী দান করেন। (২৮) মুমিনরা যেন কাফেরদের সঙ্গে বন্ধুত্ব না করে মু'মিনদের বাদ দিয়ে, যে এরূপ

الْمُؤْمِنِيْنَ ج وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَلَيْسَ مِنَ اللّٰهِ فِىْ شَىْءٍ اِلَّآ اَنْ تَتَّقُوْا مِنْهُمْ

মু''মিনীন্; অমাই্ ইয়াফ্'আল্ যা-লিকা ফালাইসা মিনাল্লা-হি ফী শাইয়িন্ ইল্লা~ আন্ তাত্তাক্বূ মিন্হুম্
করবে তার সঙ্গে আল্লাহর কোন সম্পর্ক থাকবে না; তবে যদি তাদের থেকে সতর্কতা অবলম্বন কর, তবে ব্যতিক্রম;

تُقٰىةً ط وَيُحَذِّرُكُمُ اللّٰهُ نَفْسَهٗ ط وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ﴿٢٩﴾ قُلْ اِنْ تُخْفُوْا مَا فِىْ

তুক্বা-হ্; অইয়ুহাযযিরুকুমুল্লা-হু নাফ্সাহ্; অ ইলাল্লা-হিল্ মাছীর। ২৯। ক্বুল্ ইন্ তুখ্ফূ মা-ফী
আল্লাহ্ নিজের ব্যাপারে তোমাদেরকে সতর্ক করছেন; আল্লাহর নিকটেই প্রত্যাবর্তন করতে হবে (২৯) বলুন, তোমরা

صُدُوْرِكُمْ اَوْ تُبْدُوْهُ يَعْلَمْهُ اللّٰهُ ط وَيَعْلَمُ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ط

ছুদূরিকুম্ আও তুব্দূহু ইয়া'লাম্হুল্লা-হ্; অইয়া'লামু মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আর্দ্ব;
অন্তরের বিষয় গোপন কর কিংবা প্রকাশ কর, আল্লাহ তা জানেন; আসমান যমীনের সবকিছু তিনিই জানেন;

وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿٣٠﴾ يَوْمَ تَجِدُ كُلُّ نَفْسٍ مَّا عَمِلَتْ مِنْ خَيْرٍ

অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ৩০। ইয়াওমা তাজিদু কুল্লু নাফ্সিম্ মা-'আমিলাত্ মিন্ খাইরিম্
আল্লাহ্ সর্বশক্তিমান। (৩০) যেদিন প্রত্যেকেই স্বীয় সৎ ও অসৎকর্ম সামনে পাবে;

مُّحْضَرًا ج وَمَا عَمِلَتْ مِنْ سُوْٓءٍ ج تَوَدُّ لَوْ اَنَّ بَيْنَهَا وَبَيْنَهٗٓ اَمَدًا بَعِيْدًا ط

মুহ্দোয়ারা; অমা-'আমিলাত্ মিন্ সূ — য়িন্ তাওয়াদ্দু লাও আন্না বাইনাহা-, অবাইনাহূ ~ আমাদাম্ বা'ঈদা-;
আরজু করবে যে তার ও ওর মাঝে যদি সুদূর ব্যবধান হত! আল্লাহ নিজের ব্যাপারে তোমাদেরকে সতর্ক করছেন;

শানেনুযূল ঃ আয়াত-২৮ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, কা'আব ইবনে আশরাফের সাথে চুক্তিবদ্ধ হাজ্জাজ ইবনে আমর ও কাইছ ইবনে যায়েদের কতিপয় আনছারীর সাথে গোপন আঁতাত করে, যেন তাঁদেরকে ধর্মান্তর করা যায়। তখন রিফা'আ ইবনে মুনযের এবং আবদুল্লাহ ইবনে জোবাইর ও ছা'আদ ইবনে খায়ছমা (রাঃ) ঐ আনছারীদেরকে ইহুদীদের সাথে সম্পর্ক ছিন্ন ও গোপন আঁতাত পরিহার করার জন্য উপদেশ দিলে আনছারী দল তা প্রত্যাখ্যান করে, এ প্রেক্ষিতে এ আয়াতটি অবতীর্ণ হয়।

وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٣١﴾ قُلْ أَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ ۖ فَإِن تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْكَافِرِينَ ﴿٣٢﴾ إِنَّ اللَّهَ

অইয়ুহায্ যিরুকুমুল্লা-হু নাফ্সাহ্; অল্লা-হু রাঊফুম্ বিল্ 'ইবা-দ্। ৩১। ক্বুল্ ইন্ কুনতুম্ তুহিব্বূনাল্লা-হা
আর আল্লাহ বান্দার ব্যাপারে অত্যন্ত দয়ার্দ্র। (৩১) আপনি বলে দিন, যদি আল্লাহ্কে ভালবাস তবে আমার

فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٣١﴾ قُلْ

ফাত্তাবি'ঊনী ইয়ুহ্বিব্কুমুল্লা-হু অইয়াগ্ফির্ লাকুম্ যুনূবাকুম্; অল্লা-হু গাফূরুর্ রাহীম্। ৩২। ক্বুল্
অনুকরণ কর; আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন আর পাপ ক্ষমা করবেন; আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (৩২) বলুন,

أَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ ۖ فَإِن تَوَلَّوْا فَإِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْكَافِرِينَ ﴿٣٢﴾ إِنَّ اللَّهَ

আত্বী'উল্লা-হা অর্রাসূলা, ফাইন্ তাওয়াল্লাও ফাইন্নাল্লাহা-হা লা-ইয়ুহিব্বুল্ কা-ফিরীন্। ৩৩। ইন্নাল্লা-হাছ্
আল্লাহ ও রাসূলের আনুগত্য কর; যদি অবাধ্য হও, তবে জেনে রেখ আল্লাহ কাফেরদের ভালবাসেন না। (৩৩) আল্লাহ্ আদম,

اصْطَفَىٰ آدَمَ وَنُوحًا وَآلَ إِبْرَاهِيمَ وَآلَ عِمْرَانَ عَلَى الْعَالَمِينَ ﴿٣٣﴾ ذُرِّيَّةً

ত্বোয়াফা ~ আ-দামা অ নূহাওঁ অ আ-লা ইব্রা-হীমা অ আ-লা 'ইম্রা-না 'আলাল্ 'আ-লামীন্। ৩৪। যুর্রিয়্যাতাম্
নূহ, ইবরাহীম ও ইমরানের বংশকে মনোনীত করেছেন বিশ্বাসীদের জন্য। (৩৪) তারা পরস্পর

بَعْضُهَا مِن بَعْضٍ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٣٤﴾ إِذْ قَالَتِ امْرَأَتُ عِمْرَانَ رَبِّ إِنِّي

বা'দুহা- মিম্বা'দ্; অল্লা-হু সামী'উন্ 'আলীম্। ৩৫। ইয্ ক্বা-লাতিম্ রাআতু 'ইম্রা-না রব্বি ইন্নী
বংশধর। আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (৩৫) যখন ইমরানের স্ত্রী বলল, হে রব! আমার গর্ভে যা আছে,

نَذَرْتُ لَكَ مَا فِي بَطْنِي مُحَرَّرًا فَتَقَبَّلْ مِنِّي ۖ إِنَّكَ أَنتَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٣٥﴾

নাযার্তু লাকা মা- ফী বাত্নী মুহার্ররারান্ ফাতাক্বাব্বাল্ মিন্নী, ইন্নাকা আন্তাস্ সামী'উল্ 'আলীম্।
তা আপনার জন্য একান্ত উৎসর্গ করলাম; আমার পক্ষ হতে তা কবুল করুন; আপনিই শুনেন, জানেন।

فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ رَبِّ إِنِّي وَضَعْتُهَا أُنثَىٰ ۖ وَاللَّهُ أَعْلَمُ بِمَا وَضَعَتْ ۖ

৩৬। ফালাম্মা–অদ্বোয়া 'আত্হা- ক্বা-লাত্ রব্বি ইন্নী অ দ্বোয়া'তুহা ~ উন্ছা-;অল্লা-হু আ'লামু বিমা-অদ্বোয়া'আত্;
(৩৬) অতঃপর যখন তাকে প্রসব করল, তখন বলল, হে আমার রব! আমি এক কন্যা প্রসব করেছি! তার প্রসব সম্পর্কে

وَلَيْسَ الذَّكَرُ كَالْأُنثَىٰ ۖ وَإِنِّي سَمَّيْتُهَا مَرْيَمَ وَإِنِّي أُعِيذُهَا بِكَ وَذُرِّيَّتَهَا

অ লাইসায্ যাকারু কাল্উন্ছা- অ ইন্নী সাম্মাইতুহা-মারইয়ামা অইন্নী ~ উ'ঈযুহা-বিকা অযুর্রিয়্যাতাহা-
আল্লাহ ভাল জানেন, 'ছেলে তো কন্যার মত নয়" আর আমি তার নাম মারইয়াম রাখলাম। তাকে ও তার সন্তানকে

শানেনুযূল ঃ আয়াত- ৩১ ঃ কতিপয় লোক আঁ হযরত (ছঃ)-এর নিকট বলল, তারা আল্লাহকে ভালবাসে। তখন ভালবাসার প্রতীক কি হবে, তাহার বিবরণ দিয়ে উক্ত আয়াতটি নাযিল হয়।

আয়াত-৩২ ঃ যারা আল্লাহকে ভালবাসার দাবী করে এবং আল্লাহর ভালবাসা পাওয়ার আকাঙ্খী আলোচ্য আয়াতসমূহে আল্লাহ তা'আলা তাঁর ভালবাসার সম্পর্কটি তাদেরকে ছেড়ে দিয়েছেন। এ দুনিয়াতে যদি কেউ মহান রব আল্লাহ তা'আলার ভালবাসার দাবী করে, তবে হযরত নবী করীম (ছঃ)-এর অনুসরণের কষ্টি পাথরে তা পরখ করে দেখা অত্যাবশ্যক। তাতে কে আসল ও কে নকল

مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ﴿٣٧﴾ فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُوْلٍ حَسَنٍ وَّاَنْۢبَتَهَا نَبَاتًا

মিনাশ্ শাইত্বোয়া-নির্ রাজ্বীম্। ৩৭। ফাতাক্বাব্বালাহা-রব্বুহা-বিক্বাবূলিন্ হাসানিওঁ অআম্বাতাহা- নাবা-তান্

বিতাড়িত শয়তান হতে আপনার আশ্রয়ে দিলাম। (৩৭) অতঃপর তাঁর রব তাঁকে সুন্দরভাবে কবূল

حَسَنًا ۖ وَّكَفَّلَهَا زَكَرِيَّا ۭ كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ ۙ وَجَدَ عِنْدَهَا

হাসানাওঁ অকাফ্‌ফালাহা-যাকারিয়্যা-; কুল্লামা-দাখালা 'আলাইহা-যাকারিয়্যাল্ মিহ্‌রা-বা অজ্বাদা 'ইন্‌দাহা-

করলেন, আর সুন্দরভাবে বাড়ালেন ও যাকারিয়ার হাতে সোপর্দ করলেন। যখন যাকারিয়া তাঁর কক্ষে যেতেন, কিছু

رِزْقًا ۚ قَالَ يٰمَرْيَمُ اَنّٰى لَكِ هٰذَا ۭ قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۭ اِنَّ اللّٰهَ يَرْزُقُ

রিয্‌ক্বান্, ক্বা-লা ইয়া-মার্‌ইয়ামু আন্না লাকি হা-যা-; ক্বা-লাত্ হুঅ মিন্ 'ইন্‌দিল্লা-হ্; ইন্নাল্লা-হা ইয়ার যুক্

খাবার দেখতেন; বলতেন, হে মারইয়াম! তোমার কাছে এসব কোত্থেকে আসে? বলতেন, তা আল্লাহর পক্ষ হতে আসে; আল্লাহ

مَنْ يَّشَاۗءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٣٨﴾ هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهٗ ۚ قَالَ رَبِّ هَبْ لِيْ

মাইঁ ইয়াশা — উ বিগাইরি হিসা-ব্। ৩৮। হুনা-লিকা দা'আ-যাকারিয়্যা-রব্বাহূ ,ক্বা-লা রব্বি হাব্‌লী

যাকে ইচ্ছা অগণিত রিযিক দান করেন? (৩৮) সেখানেই যাকারিয়া তাঁর রবকে ডেকে বললেন, হে আমার রব! নিজের

مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيْعُ الدُّعَاۗءِ ﴿٣٩﴾ فَنَادَتْهُ الْمَلٰۗىِٕكَةُ وَهُوَ

মিল্লাদুন্‌কা যুর্‌রিয়্যাতান্ ত্বোয়াইয়িবাতান্, ইন্নাকা সামী'উদ্ দু'আ — য়্। ৩৯। ফানা-দাত্‌হুল্ মালা — য়িকাতু অহুঅ

নিকট হতে আমাকে একটি সন্তান দান করুন। আপনি তো প্রার্থনা শুনেন। (৩৯) কক্ষে যখন সে নামাযরত অবস্থায়

قَاۗىِٕمٌ يُّصَلِّيْ فِي الْمِحْرَابِ ۙ اَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى مُصَدِّقًۢا بِكَلِمَةٍ

ক্বা — য়িমুঁই ইয়ুছোয়াল্লী ফিল্ মিহ্‌রা-বি আন্নাল্লা-হা ইয়ুবাশ্‌শিরুকা বিইয়াহ্‌ইয়া- মুছোয়াদ্দিক্বাম্ বিকালিমাতিম্

তখন তাকে ফেরেশতারা ডেকে বললেন, আল্লাহ আপনাকে সুসংবাদ দিচ্ছেন ইয়াহ্‌ইয়ার, যে হবে

مِّنَ اللّٰهِ وَسَيِّدًا وَّحَصُوْرًا وَّنَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿٤٠﴾ قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ

মিনাল্লা-হি অসাইয়্যিদাওঁ অ হাছূরাওঁ অনাবিয়্যাম্ মিনাছ্ ছোয়া-লিহীন্। ৪০। ক্বা-লা রব্বি আন্না-ইয়াকূনুলী

আল্লাহর বাণীর সমর্থক, নেতা, সংযমী ও নবী নেককারদের মধ্য থেকে। (৪০) যাকারিয়া বললেন, হে আমার রব!

غُلٰمٌ وَّقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَامْرَاَتِيْ عَاقِرٌ ۭ قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَاۗءُ ۝

গুলা-মুওঁ অক্বাদ্ বালাগানিয়াল কিবারু অম্‌রায়াতী 'আ-ক্বির্; ক্বা-লা কাযা-লিকাল্লা-হু ইয়াফ্'আলু মা-ইয়াশা — য়্।

কিভাবে আমার পুত্র হবে? আমি তো বৃদ্ধ আমার স্ত্রী বন্ধ্যা; বললেন, এভাবেই আল্লাহ ইচ্ছামত কাজ করেন।

ধরা পড়বে। যার দাবি যতটুকু সত্য হবে, সে হযরত নবী করীম (ছঃ)-এর অনুসরণে ততটুকু যত্নবান হবে এবং নবী করীম (ছঃ)-এর শিক্ষার আলো- কে পথের মশাল রূপে গ্রহণ করবে। পক্ষান্তরে যার দাবী দুর্বল হবে, হযরত নবী করীম (ছঃ)-এর অনুসরণে তার অলসতা ও দুর্বলতা সে পরিমাণ পরিলক্ষিত হবে। (মাঃ কোঃ)

আয়াত-৪০ ঃ যাকারিয়া (আঃ) ছিলেন মারইয়াম (আঃ)-এর খালু এবং একজন নবী। মারইয়াম (আঃ)-কে বায়তুল মুকাদ্দাসের খেদমতের জন্য উৎসর্গ করার পর যাকারিয়া (আঃ)-এর তত্ত্বাবধানে রাখা হয়। বায়তুল মুকাদ্দাস সংলগ্ন একটি কক্ষে মারইয়াম (আঃ) থাকতেন। যাকারিয়া (আঃ) প্রায়ই সেখানে যেতেন। তিনি মরইয়াম (আঃ)-এর সামনে বিভিন্ন ফলফলাদি দেখতে পেতেন।

٤١ قَالَ رَبِّ اجْعَل لِّي آيَةً ۖ قَالَ آيَتُكَ أَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلَاثَةَ أَيَّامٍ إِلَّا

৪১। ক্বা-লা রব্বিজ্ব'আল্ লী ~ আ-ইয়াহ্; ক্বা-লা আ-ইয়াতুকা আল্লা-তুকাল্লিমান্না-সা ছালা-ছাতা আইয়্যা-মিন্ ইল্লা-

(৪১) বললেন, হে রব! আমাকে নিদর্শন দিন। আল্লাহ বললেন, নিদর্শন হল, তিনদিন ইশারা ছাড়া লোকজনের সাথে ৪

رَمْزًا ۗ وَاذْكُر رَّبَّكَ كَثِيرًا وَسَبِّحْ بِالْعَشِيِّ وَالْإِبْكَارِ ٤٢ وَإِذْ قَالَتِ ع ১১ ১২ রুকু

রাম্যা-;অয্কুর রব্বাকা কাছীরাওঁ অসাব্বিহ্ বিল্'আশিয়্যি অল্ইব্কা-র্। ৪২। অইয্ ক্বা-লাতিল্

কথা বলবে না, বেশি বেশি রবের যিকির করবে, সকাল-সন্ধ্যা তাঁর তাসবীহ পড়বে। (৪২) যখন ফেরেশতারা বলল,

الْمَلَائِكَةُ يَا مَرْيَمُ إِنَّ اللَّهَ اصْطَفَاكِ وَطَهَّرَكِ وَاصْطَفَاكِ عَلَىٰ نِسَاءِ

মালা — য়িকাতু ইয়া–মার্ইয়ামু ইন্নাল্লা-হাছ ত্বোয়াফা-কি অ ত্বোয়াহ্হারাকি অছ্ত্বোয়াফা-কি 'আলা-নিসা — য়িল্

হে মারইয়াম! আল্লাহ তোমাকে মনোনীত ও পবিত্র করেছেন এবং বিশ্বের নারীদের মধ্যে মনোনীত

الْعَالَمِينَ ٤٣ يَا مَرْيَمُ اقْنُتِي لِرَبِّكِ وَاسْجُدِي وَارْكَعِي مَعَ الرَّاكِعِينَ ٤٤ ذَٰلِكَ

'আ-লামীন্। ৪৩। ইয়া-মার্ইয়ামুক্বনুতী লিরব্বিকি অস্জুদী অর্কা'ঈ মা'আর্ রা-কি'ঈন্। ৪৪। যা-লিকা

করেছেন। (৪৩) হে মারইয়াম! অনুগত হও তোমার রবের, আর সিজদা কর এবং রুকূকারীদের সঙ্গে রুকূ কর। (৪৪) (হে নবী)

مِنْ أَنبَاءِ الْغَيْبِ نُوحِيهِ إِلَيْكَ ۚ وَمَا كُنتَ لَدَيْهِمْ إِذْ يُلْقُونَ أَقْلَامَهُمْ

মিন্ আম্বা — য়িল গাইবি নূহীহি ইলাইক; অমা-কুন্তা লাদাইহিম্ ইয্ ইয়ুল্ক্বূনা আক্বলা-মাহুম্

এসব অদৃশ্য সংবাদ যা আপনার কাছে ওহী করেছি। আপনি তো তখন ছিলেন না যখন তারা কলম নিক্ষেপ করছিল

أَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ وَمَا كُنتَ لَدَيْهِمْ إِذْ يَخْتَصِمُونَ ٤٥ إِذْ قَالَتِ الْمَلَائِكَةُ

আইয়্যুহুম্ ইয়াক্ফুলু মারইয়ামা অমা-কুন্তা লাদাইহিম্ ইয্ ইয়াখ্তাছিমূন্। ৪৫। ইয্ ক্বা-লাতিল্ মালা — য়িকাতু

যে, কে মারইয়ামের লালনের ভার নেবে? আর তাদের বিতর্কের সময়ও আপনি ছিলেন না। (৪৫) যখন ফেরেশতারা বলল,

يَا مَرْيَمُ إِنَّ اللَّهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ اسْمُهُ الْمَسِيحُ عِيسَى ابْنُ مَرْيَمَ

ইয়া-মার্ইয়ামু ইন্নাল্লা-হা ইউবাশ্শিরুকি বিকালিমাতিম্ মিন্হুস মুহুল্ মাসীহু 'ঈসাব্নু মার্ইয়ামা

হে মারইয়াম! আল্লাহ তোমাকে নিজের পক্ষ থেকে কালেমার সুখবর দিচ্ছেন, যার নাম-মাসীহ ঈসা ইবনে মারইয়াম;

وَجِيهًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمِنَ الْمُقَرَّبِينَ ٤٦ وَيُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ

অজ্বীহান্ ফিদ্দুনইয়াঅল্ আ-খিরাতি অমিনাল্ মুক্বার্রাবীন্। ৪৬। অইয়ুকাল্লিমুন না-সা ফিল্ মাহ্দি

সে সম্মানিত দুনিয়া ও আখেরাতে এবং সান্নিধ্যপ্রাপ্তদের অন্যতম। (৪৬) আর সে মানুষের সঙ্গে দোলনায় ও বৃদ্ধাবস্থায়

তিনি একদিন জিজ্ঞাসা করলেন, হে মারইয়াম! এ খাবার তোমার নিকট কোথা হতে আসে? তিনি বললেন, আল্লাহর পক্ষ হতে আমার জন্য জান্নাতী খাবার আসে। এদিকে যাকারিয়া (আঃ)-এরও কোন সন্তান ছিল না। তাঁরা স্বামী-স্ত্রী উভয়ই বার্ধক্যে উপনীত। সন্তান লাভের প্রচণ্ড আগ্রহে তাঁরা আল্লাহর সমীপে একটি পুণ্যবান সন্তানের জন্য দোয়া করলেন। আল্লাহ হযরত ইয়াহ্ইয়াহ (আঃ)-কে তাদের দান করেন। আয়াত-৪৫ ঃ ১। বর্ণিত আছে যে, মারইয়াম (আঃ) একবার হায়েযের পর গোসল করে পবিত্র হলে জিবরাঈল (আঃ) এসে তাঁর আস্তিনে একটি ফুঁ দিয়ে বললেন, আল্লাহ আপনাকে একটি পুত্র সন্তান দিবেন। তিনি নবী এবং বহু মু'জিযার অধিকারী হবেন। মারইয়াম (আঃ) বললেন, আমার না বিয়ে হয়েছে আর না কোন পুরুষ আমাকে স্পর্শ করেছে-কিভাবে আমার সন্তান হবে?

وَكَهْلًا وَّمِنَ الصّٰلِحِيْنَ ﴿٤٦﴾ قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِىْ وَلَدٌ وَّلَمْ يَمْسَسْنِىْ

অক্বাহ্লাওঁ অ মিনাছ্ ছোয়া-লিহীন্। ৪৭। ক্বা-লাত্ রব্বি আন্না- ইয়াকূনু লী অলাদুওঁ অলাম্ ইয়াম্সাস্নী

কথা বলবে, সে হবে নেককারদের একজন। (৪৭) বলল, হে আমার রব! কিভাবে আমার পুত্র হবে? আমাকে তো কোন

بَشَرٌ ؕ قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ

বাশার্; ক্বা-লা কাযা-লিকিল্লা-হু ইয়াখ্লুক্বু মা-ইয়াশা — য়্; ইযা–ক্বাদ্বোয়া~ আমরান্ ফাইন্নামা- ইয়াক্বূলু লাহূ

পুরুষ স্পর্শ করে নি। বললেন, এভাবেই আল্লাহ ইচ্ছামত সৃষ্টি করেন। যখন তিনি কিছু করার ইচ্ছা করেন তখন কেবল বলেন,

كُنْ فَيَكُوْنُ ﴿٤٧﴾ وَيُعَلِّمُهُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ﴿٤٨﴾ وَ

কুন্ ফাইয়াকূন্। ৪৮। অইয়ু'আল্লিমুহুল্ কিতা-বা অল্হিকমাতা অত্তাওরা-তা অল্ইনজ্বীল্। ৪৯। অ

'হও' (আর তখনই) তা হয়ে যায়। (৪৮) তিনি তাকে শিক্ষা দিবেন কিতাব, হিকমাত, তাওরাত ও ইন্জীল। (৪৯) আর

رَسُوْلًا اِلٰى بَنِىْٓ اِسْرَآءِيْلَ ۙ اَنِّىْ قَدْ جِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ۙ اَنِّىْٓ اَخْلُقُ

রাসূলান্ ইলা-বানী ~ ইসরা — য়ীলা আন্নী ক্বাদ্ জ্বি'তুকুম্ বিআ-ইয়া-তিম্ মির্ রব্বিকুম্ আন্নী ~ আখ্লাকু

রাসূলরূপে মনোনীত হবেন বনী ইস্রাঈলের প্রতি, সে বলবে, আমি তোমাদের রবের নিকট হতে নিদর্শন নিয়ে এসেছি।

لَكُمْ مِّنَ الطِّيْنِ كَهَيْئَةِ الطَّيْرِ فَاَنْفُخُ فِيْهِ فَيَكُوْنُ طَيْرًا بِاِذْنِ اللّٰهِ ۚ وَ

লাকুম্ মিনাত্ত্বীনি কাহাইয়াতিত্ত্বোয়াইরি ফাআন্ফুখু ফীহি ফাইয়াকূনু ত্বোয়াইরাম্ বিইয্নিল্লা-হি, অ

নিশ্চয়ই আমি তোমাদের জন্য মাটি দিয়ে পাখির আকৃতি বানিয়ে তাতে ফুঁক দেব; আল্লাহর হুকুমে পাখি হয়ে যাবে,

اُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ وَاُحْىِ الْمَوْتٰى بِاِذْنِ اللّٰهِ ۚ وَاُنَبِّئُكُمْ بِمَا

উব্রিয়ুল্ আক্মাহা অল্ আব্রাছোয়া অ উহ্য়িল মাওতা- বিইয্নিল্লা-হি, অ উনাব্বিউকুম্ বিমা-

আল্লাহর হুকুমে জন্মান্ধ ও কুষ্ঠরোগী আরোগ্য করব এবং মৃতকে জীবন্ত করব; আর আমি তোমাদের বলে দেব যা

تَاْكُلُوْنَ وَمَا تَدَّخِرُوْنَ ۙ فِىْ بُيُوْتِكُمْ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ

তা''কুলূনা অমা- তাদ্দাখিরূনা ফী বুইয়ূতিকুম্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াতাল্ লাকুম্ ইন্ কুন্তুম্

তোমরা খাও এবং যা তোমরা ঘরে জমা কর। এতে তোমাদের জন্য নিদর্শন আছে যদি তোমরা

مُّؤْمِنِيْنَ ﴿٤٩﴾ وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ التَّوْرٰىةِ وَلِاُحِلَّ لَكُمْ بَعْضَ

মু''মিনীন্। ৫০। অ মুছোয়াদ্দিক্বাল্ লিমা- বাইনা ইয়াদাইয়্যা মিনাত্ তাওরা-তি অ লিউহিল্লা লাকুম্ বা'দ্বোয়াল্

মুমিন হও। (৫০) আমার সামনে তাওরাতের যা আছে তার সমর্থকরূপে এবং তোমাদের জন্য হারামকৃত কিছু বস্তু হালাল

জিবরাঈল (আঃ) বললেন, আল্লাহর যা ইচ্ছা তাই হবে। মরইয়াম (আঃ) সন্তান সম্ভবা হলেন। অতঃপর যখন সন্তান হল তখন লোকেরা জড় হয়ে সমালোচনা করতে লাগল। তিনি নবজাতকের প্রতি ইশারায় বললেন, আপনারা তাকে জিজ্ঞাসা করুন। তখন নবজাতক বলল, আমি আল্লাহর রাসূল, পিতা ছাড়াই আল্লাহ আমাকে সৃষ্টি করেছেন।

আয়াত-৪৯ ঃ 'আদেশ' দ্বারা উদ্দেশ্য হল, হযরত ঈসা (আঃ) আল্লাহ পাকের হুকুমের কথা না বললে হযরত ঈসা (আঃ) কোন দিনই পাখি তৈরি করতে ক্ষম হতেন না। আল্লাহপাক হযরত ঈসা (আঃ)-কে এই শক্তি দেওয়ার কারণেই তিনি মাটি দিয়ে পাখি তৈরি করে তাতে ফুঁ দিলেই পাখি উড়ে যেত। এর দ্বারা বুঝা যায় আল্লাহপাকই সৃষ্টিকর্তা, ঈসা (আঃ) নয়। পাখির আকৃতি গঠন

الَّذِي حُرِّمَ عَلَيْكُمْ وَجِئْتُكُمْ بِآيَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿٥٠﴾ إِنَّ

লাযী হুররিমা 'আলাইকুম্ অ জ্বি'তুকুম্ বিআ-ইয়াতিম্ মির্ রব্বিকুম্ ফাত্তাকু্ল্লা-হা অআত্বী'উন্। ৫১। ইন্নাল
করার জন্য। আর আমি তোমাদের রবের নিদর্শন নিয়ে এসেছি, আল্লাহকে ভয় কর ও আমাকে অনুসরণ কর। (৫১) আল্লাহ

اللَّهَ رَبِّي وَرَبُّكُمْ فَاعْبُدُوهُ ۗ هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ﴿٥١﴾ فَلَمَّا أَحَسَّ عِيسَىٰ

লা-হা রব্বী অরব্বুকুম্ ফা'বুদূহ্; হা-যা- ছিরা-ত্বুম্ মুস্তাক্বীম্ ৫২। ফালাম্মা~ আহাস্সা 'ঈসা-
আমার ও তোমাদের রব; তাঁরই দাসত্ব কর; এটাই সরল পথ। (৫২) অতঃপর ঈসা যখন অনুভব করলেন

مِنْهُمُ الْكُفْرَ قَالَ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ ۖ قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ

মিন্হুমুল্ কুফ্রা ক্বা-লা মান্ আন্ছোয়া-রী ~ ইলাল্লা-হ্; ক্বা-লাল্ হাওয়া-রিয়্যূনা নাহ্নু
তাদের কুফরী সম্পর্কে, তখন বললেন, আল্লাহর পথে আমার সাহায্যকারী কে হবে? সঙ্গীরা বলল, আমরা আল্লাহর

أَنْصَارُ اللَّهِ ۚ آمَنَّا بِاللَّهِ ۚ وَاشْهَدْ بِأَنَّا مُسْلِمُونَ ﴿٥٢﴾ رَبَّنَا آمَنَّا بِمَا أَنْزَلْتَ

আন্ছোয়া-রুল্লা-হি, আ-মান্না- বিল্লা-হি, অশ্হাদ্ বিআন্না- মুসলিমূন্। ৫৩। রব্বানা~ আ-মান্না-বিমা~ আন্যাল্তা
সাহায্যকারী; আমরা আল্লাহ্তে বিশ্বাসী; সাক্ষী থাকুন আমরা মুসলমান। (৫৩) হে রব! যা নাযিল করেছেন

وَاتَّبَعْنَا الرَّسُولَ فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ ﴿٥٣﴾ وَمَكَرُوا وَمَكَرَ اللَّهُ ۖ وَاللَّهُ

অত্তাবা'নার্ রাসূলা ফাক্তুব্না- মা'আশ্ শা-হিদীন্। ৫৪। অমাকারূ অমাকারাল্লা-হ্; অল্লা-হু
তা বিশ্বাস করি; রাসূলের কথা মানি; সুতরাং আমাদেরকে সাক্ষ্যদাতাদের অন্তর্ভুক্ত করুন। (৫৪) তারা চক্রান্ত করল,

خَيْرُ الْمَاكِرِينَ ﴿٥٤﴾ إِذْ قَالَ اللَّهُ يَا عِيسَىٰ إِنِّي مُتَوَفِّيكَ وَرَافِعُكَ إِلَيَّ وَ ৫ ع ১৩ ১৩

খাইরুল্ মা-কিরীন্ ৫৫। ইয্ ক্বা-লাল্লা-হু ইয়া-'ঈসা~ ইন্নী মুতাওয়াফ্ফীকা অরা-ফি'উকা ইলাইয়্যা অ রুকু
আল্লাহ্ও কৌশল করলেন; আর আল্লাহ সেরা কৌশলী। (৫৫) আল্লাহ বললেন, হে ঈসা! তোমার সময় পূর্ণ করব,

مُطَهِّرُكَ مِنَ الَّذِينَ كَفَرُوا وَجَاعِلُ الَّذِينَ اتَّبَعُوكَ فَوْقَ الَّذِينَ كَفَرُوا তিন চতুর্থাংশ

মুত্বোয়াহ্হিরুকা মিনাল্লাযীনা কাফারূ অ জ্বা'ইলুল্ লাযীনাত্ তাবাউ'কা ফাওক্বাল্লাযীনা কাফারূ ~
আমার নিকট তুলে নেব আর কাফের হতে পবিত্র রাখব [১] আর তোমার প্রকৃত অনুসারীদের আমি কেয়ামত পর্যন্ত কাফেরদের

إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ ۖ ثُمَّ إِلَيَّ مَرْجِعُكُمْ فَأَحْكُمُ بَيْنَكُمْ فِيمَا كُنْتُمْ فِيهِ

ইলা-ইয়াওমিল্ ক্বিয়া-মাতি, ছুম্মা ইলাইয়্যা মার্জ্বি'উকুম্ ফাহ্কুম্ বাইনাকুম্ ফী মা-কুনতুম্ ফীহি
ওপর প্রাধান্য দেব; [২] তারপর আমার কাছেই প্রত্যাবর্তনস্থল, তখন বিতর্কমূলক বিষয়ের

করা তথা ছবি আঁকা হযরত ঈসা (আঃ)-এর শরীয়তে জায়েয ছিল। আমাদের শরীয়তে ছবি আঁকা নাজায়েয। (ফতঃ বয়াঃ, মাঃ কোঃ)
২। হযরত ঈসা (আঃ)এর যুগে তাওরাতের যে সকল হুকুম পালন কঠিন ছিল তা রহিত হয়ে যায়। হযরত ঈসা (আঃ) সে হুকুমসমূহ সহজ করার জন্যই এসেছিলেন। (মুঃ কোঃ) টীকা ঃ (১) ইহুদীরা হযরত ঈসা (আঃ) কে হত্যার ষড়যন্ত্র করেছিল কিন্তু আল্লাহ তাঁকে রক্ষা করে আসমানে তুলে নিয়েছিলেন। ইয়াহুদী-খৃস্টানরা বলে তাঁকে হত্যা করেছে এটা তাদের ভুল ধারণা। (২) মূলতঃ হযরত ঈসার অনুসারী বর্তমান খৃস্টানরা নয়, বরং মুসলিমরাই তাঁর অনুসারী।
আয়াত-৫২ ঃ বনী ইসরাঈলের অবিশ্বাস ও বিরোধিতা লক্ষ্য করে ঈসা (আঃ) তাঁর সাহায্যকারীদের খোঁজ নিলেন। এর পূর্বে তিনি

تَخْتَلِفُونَ ﴿٥٦﴾ فَأَمَّا الَّذِينَ كَفَرُوا فَأُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيدًا فِي الدُّنْيَا

তাখ্তালিফূন্। ৫৬। ফাআম্মাল্লাযীনা কাফারূ ফাউ'আয্যিবুহুম্ 'আযা-বান্ শাদীদান্ ফিদ্দুনইয়া-
ফয়সালা করব। (৫৬) সুতরাং যারা কাফের, তাদেরকে কঠোর শাস্তি দেব দুনিয়াতে ও পরকালে;

وَالْآخِرَةِ وَمَا لَهُمْ مِنْ نَاصِرِينَ ﴿٥٧﴾ وَأَمَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ

অল্ আ-খিরাতি অমা- লাহুম্ মিন্ না-ছিরীন্। ৫৭। অআম্মাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি
তাদের কোন সাহায্যকারী নেই। (৫৭) যারা ঈমান এনেছে এবং সৎকর্ম করেছে তাদেরকে

فَيُوَفِّيهِمْ أُجُورَهُمْ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ الظَّالِمِينَ ﴿٥٨﴾ ذَٰلِكَ نَتْلُوهُ عَلَيْكَ مِنَ

ফাইয়ুঅফ্ফীহিম উজূরাহুম্; অল্লা-হু লা-ইয়ুহিব্বুজ্জোয়া-লিমীন্ ৫৮। যা-লিকা নাত্লূহু 'আলাইকা মিনাল্
তিনি পূর্ণ পারিশ্রমিক দেবেন, আল্লাহ জালিমদের ভালবাসেন না। (৫৮) যা আপনার কাছে বিবৃত করছি তা

الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيمِ ﴿٥٩﴾ إِنَّ مَثَلَ عِيسَىٰ عِندَ اللَّهِ كَمَثَلِ آدَمَ ۖ خَلَقَهُ

আ-ইয়া-তি অয্যিক্রিল্ হাকীম্। ৫৯। ইন্না মাছালা 'ঈসা- 'ইন্দাল্লা-হি কামাছালি আ-দাম্; খালাক্বাহূ
নিদর্শন ও বিজ্ঞানময় বাণী হতে। (৫৯) নিশ্চয় আল্লাহর নিকট ঈসার উপমা আদমের উপমার মত; তিনি

مِن تُرَابٍ ثُمَّ قَالَ لَهُ كُن فَيَكُونُ ﴿٦٠﴾ الْحَقُّ مِن رَّبِّكَ فَلَا تَكُن مِّنَ

মিন্ তুরা-বিন্ ছুম্মা ক্বা-লা লাহূ কুন্ ফাইয়াকূন্। ৬০। আল্ হাক্ব্কু মির্ রব্বিকা ফালা-তাকুম্ মিনাল্
তাকে মাটি দিয়ে সৃষ্টি করে বললেন, হও, তখন হয়ে গেল। (৬০) এ সত্য আপনার রবের নিকট হতে; তাই সন্দেহকারী

الْمُمْتَرِينَ ﴿٦١﴾ فَمَنْ حَاجَّكَ فِيهِ مِن بَعْدِ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ فَقُلْ تَعَالَوْا نَدْعُ

মুম্তারীন্ ৬১। ফামান্ হা — জ্জ্ জ্বাকা ফীহি মিম্ বা'দি মা- জ্জা — আকা মিনাল্ 'ইল্মি ফাক্বুল্ তা'আ -লাও নাদ্'উ
হবেন না। (৬১) আপনার নিকট জ্ঞান আসার পরেও যে তর্ক করে, তাকে বলে দিন এস আমরা

أَبْنَاءَنَا وَأَبْنَاءَكُمْ وَنِسَاءَنَا وَنِسَاءَكُمْ وَأَنفُسَنَا وَأَنفُسَكُمْ ثُمَّ نَبْتَهِلْ

আব্না— আনা- অ আব্না— আকুম্ অনিসা— আনা- অনিসা— আকুম্ অ আন্ফুসানা- অ আন্ফুসাকুম্ ছুম্মা নাব্তাহিল্
আমাদের ও তোমাদের সন্তানদের, আমাদের ও তোমাদের স্ত্রীদের, স্বয়ং আমরা ও তোমরা উপস্থিত হই,

فَنَجْعَل لَّعْنَتَ اللَّهِ عَلَى الْكَاذِبِينَ ﴿٦٢﴾ إِنَّ هَٰذَا لَهُوَ الْقَصَصُ الْحَقُّ ۚ وَمَا مِنْ

ফানাজ্'আল্ লা'নাতাল্লা-হি 'আলাল্ কা-যিবীন্। ৬২। ইন্না হা-যা- লাহুওয়াল্ ক্বাছোয়াছুল্ হাক্ব্কু, অমা-মিন্
তারপর প্রার্থনা করি যে, আর মিথ্যাবাদীদের উপর আল্লাহর লা'নত। (৬২) নিশ্চয়ই এ বর্ণনা অতীব সত্য বিবরণ; আল্লাহ ছাড়া

একাই নবুয়তের দায়িত্ব পালন করছিলেন। হাওয়ারী শব্দের ধাতুগত অর্থ হল দেয়ালে চুন কাম করার চুন বা ধবধবে সাদা। হযরত ঈসা (আঃ)এর শিষ্যদের আন্তরিকতা ও মনের স্বচ্ছতার কারণে অথবা যেহেতু তারা সাদা পোশাক পরিধান করতেন এজন্য তাহাদেরকে হাওয়ারী বলা হত। (মাঃ কোঃ)

শানেনুযূল ঃ আয়াত-৬১ ঃ মুবাহালার আয়াতঃ আলোচ্য আয়াতের পটভূমি হল, রাসূলুল্লাহ (ছঃ) নাজরানের খৃষ্টানদের কাছে একটি ফরমান পাঠান। ওতে ধারাবাহিকভাবে তিনটি বিষয় উল্লেখ ছিল ঃ (১) ইসলাম কবূল কর, (২) অথবা জিযিয়া দাও, (৩) অন্যথা যুদ্ধের জন্যে প্রস্তুত হও। খৃষ্টানরা পরস্পর পরামর্শ করে শোরাহ্বীল, আব্দুল্লাহ্ ইবনে শোরাহ্বিল ও জিবার ইবনে ফয়েযকে নবী

إِلٰهٍ إِلَّا اللّٰهُ ۚ وَإِنَّ اللّٰهَ لَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٦٣﴾ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللّٰهَ عَلِيمٌۢ

ইলা-হিন্ ইল্লাল্লা-হু; অইন্নাল্লা-হা লাহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ৬৩। ফাইন্ তাওয়াল্লাও ফাইন্নাল্লা-হা 'আলীমুম্
কোন মা'বূদ নেই; নিশ্চয়ই আল্লাহ পরাক্রান্ত, মহাজ্ঞানী। (৬৩) এরপরও যদি ফিরে যায়, তবে আল্লাহ ফাসাদকারীদের

بِالْمُفْسِدِينَ ﴿٦٤﴾ قُلْ يٰٓأَهْلَ الْكِتٰبِ تَعَالَوْا إِلٰى كَلِمَةٍ سَوَآءٍۢ بَيْنَنَا وَبَيْنَكُمْ ع ৬ ৯ ১৪ রুকু

বিল মুফ্সিদীন্। ৬৪। কু্ল্ ইয়া ~ আহ্লাল্ কিতা-বি তা'আ-লাও ইলা- কালিমাতিন্ সাওয়া — য়িম্ বাইনানা- অ বাইনাকুম্
সম্পর্কে যথাযথ অবহিত। (৬৪) বলুন, হে কিতাবের অনুসারীরা! আমাদের ও তোমাদের মাঝে যে বিষয়টি

أَلَّا نَعْبُدَ إِلَّا اللّٰهَ وَلَا نُشْرِكَ بِهِۦ شَيْـًٔا وَلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِّنْ

আল্লা- না'বুদা ইল্লাল্লা-হা অলা-নুশ্রিকা বিহী- শাইয়াওঁ অলা- ইয়াত্তাখিযা বা'দ্বু না— বা'দ্বোয়ান্ আরবা-বাম্ মিন্
একই এর দিকে আস, আমরা আল্লাহ ছাড়া কারও দাসত্ব করব না; শরীক করব না, পরস্পর কাকেও রব বানাব না, যদি তারা

دُونِ اللّٰهِ ۚ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوا اشْهَدُوا بِأَنَّا مُسْلِمُونَ ﴿٦٥﴾ يٰٓأَهْلَ الْكِتٰبِ

দূনিল্লা-হ্; ফাইন্ তাওয়াল্লাও ফাকূলুশ্ হাদূ বিআন্না- মুসলিমূন্। ৬৫। ইয়া~ আহ্লাল্ কিতা-বি
না মানে, বলে দাও যে, তোমরা সাক্ষী থাক, আমরা মুসলিম। (৬৫) হে কিতাবের অনুসারীরা!

لِمَ تُحَآجُّونَ فِىٓ إِبْرٰهِيمَ وَمَآ أُنْزِلَتِ التَّوْرٰىةُ وَالْإِنْجِيلُ إِلَّا مِنْۢ بَعْدِهِۦٓ ۚ

লিমা তুহা —জ্জু্না ফী~ ইব্রা-হীমা অমা~ উন্যিলাতিত্ তাওরা-তু অল্ ইন্জ্বীলু ইল্লা-মিম্ বা'দিহ্;
কেন ইব্রাহীমকে নিয়া তর্ক করছ? অথচ তাওরাত ও ইঞ্জীল তার উপরেই নাযিল হয়েছে, তবুও কি

أَفَلَا تَعْقِلُونَ ﴿٦٦﴾ هٰٓأَنْتُمْ هٰٓؤُلَآءِ حٰجَجْتُمْ فِيمَا لَكُمْ بِهِۦ عِلْمٌ فَلِمَ تُحَآجُّونَ فِيمَا

আফালা- তা'ক্বিলূন্। ৬৬। হা ~ আন্তুম্ হা ~ উ লা — য়ি হা-জ্জ্তুম্ ফীমা- লাকুম্ বিহ 'ইল্মুন্ ফালিমা তুহা — জ্জূ্না ফীমা-
তোমরা বুঝ না? (৬৬) হ্যাঁ, তোমরা ইতোপূর্বে সে ব্যাপারেও তর্ক করেছ, যে ব্যাপারে কিছু জ্ঞান ছিল। কিন্তু যে ব্যাপারে

لَيْسَ لَكُمْ بِهِۦ عِلْمٌ ۚ وَاللّٰهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ ﴿٦٧﴾ مَا كَانَ إِبْرٰهِيمُ يَهُودِيًّا

লাইসা লাকুম্ বিহী 'ইল্ম্; অল্লা-হু ইয়া'লামু অআন্তুম্ লা-তা'লামূন্। ৬৭। মা-কা-না ইব্রা-হীমু ইয়াহূদিইয়্যাওঁ
কোন জ্ঞান নেই, সে ব্যাপারে কেন তর্ক করছ? আল্লাহ জানেন, কিন্তু তোমরা জান না। (৬৭) ইব্রাহীম না ইহুদী ছিলেন

وَلَا نَصْرَانِيًّا وَلٰكِنْ كَانَ حَنِيفًا مُّسْلِمًا ۖ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ ﴿٦٨﴾ إِنَّ

অলা-নাছ্রা-নিয়্যাওঁ অলা-কিন্ কা-না হানীফাম্ মুস্লিমা-; অমা- কা-না মিনাল্ মুশ্রিকীন্। ৬৮। ইন্না
আর না খৃষ্টান, বরং একনিষ্ঠ মুসলিম ছিলেন; তিনি তো মুশরিক ছিলেন না। (৬৮) নিশ্চয়ই

(ছঃ)-এর কাছে পাঠায়। তারা এসে দ্বীনের বিষয়াদি নিয়ে আলোচনা শুরু করে। এক পর্যায়ে তারা হযরত ঈসা (আঃ)-কে উপাস্য প্রতিপন্ন করার জন্যে প্রবল বাদানুবাদ শুরু করে। ইতোমধ্যে মুবাহালার উপরোক্ত আয়াত নাযিল হয়। এতে রাসূলুল্লাহ্ (ছঃ) প্রতিনিধিদলকে মুবাহালার আহ্বান জানান এবং নিজেও হযরত ফাতিমা, হযরত আলী এবং ইমাম হাসান-হোসাইনকে সাথে নিয়ে মুবাহালার জন্যে প্রস্তুতি নিয়ে আসেন। এ আত্মবিশ্বাস দেখে শোরাহবীল ভীত হয়ে যায় এবং সাথীদ্বয়কে বলতে থাকে, তোমরা জান যে, ইনি আল্লাহর নবী। আল্লাহর নবীর সাথে মুবাহালা করার অর্থ আমাদের ধ্বংস অনিবার্য। তাই মুক্তির জন্য ভিন্ন পথ খোঁজ। সঙ্গীদ্বয় বলল, তোমার মতে মুক্তি কি? সে বলল, আমার মতে নবীর শর্তানুযায়ী সন্ধি করাই উত্তম। অতঃপর এতেই প্রতিনিধি দল সম্মত হয় এবং মহানবী (ছঃ) তাদের উপর জিযিয়া কর ধার্য করে মীমাংসায় উপনীত হন। (ইবনে কাসীর)

أَوْلَى النَّاسِ بِإِبْرٰهِيمَ لَلَّذِينَ اتَّبَعُوهُ وَهٰذَا النَّبِيُّ وَالَّذِينَ اٰمَنُوا

আওলান্না-সি বিইব্রা-হীমা লাল্লাযীনাত্ তাবা'উহু অহা-যান্ নাবিয়্যু অল্লাযীনা আ-মানূ;
মানুষের মধ্যে যারা ইব্রাহীমের অনুসারী তারা, এ নবী এবং মুমিনরা ইব্রাহীমের অনুসারী।

وَاللّٰهُ وَلِيُّ الْمُؤْمِنِينَ ﴿٦٩﴾ وَدَّتْ طَّائِفَةٌ مِّنْ أَهْلِ الْكِتٰبِ لَوْ يُضِلُّونَكُمْ ۖ وَمَا

অল্লা-হু অলিয়্যুল্ মু'মিনীন্। ৬৯। অদ্দাত্বত্বোয়া — য়িফাতুম্ মিন্ আহ্লিল্ কিতা-বি লাওইয়ুদ্বিল্লূনাকুম্; অমা-
আল্লাহ মু'মিনদের বন্ধু। (৬৯) আহলে কিতাবের একদল তোমাদেরকে পথভ্রষ্ট করতে চায়, কিন্তু তারা নিজেদেরকেই

يُضِلُّونَ إِلَّا أَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ﴿٧٠﴾ يٰأَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُونَ بِاٰيٰتِ اللّٰهِ

ইয়ুদ্বিল্লূনা ইল্লা~ আন্ফুসাহুম্ অমা-ইয়াশ্উরূন।৭০। ইয়া~ আহ্লাল্ কিতা-বি লিমা- তাক্ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি
ভ্রান্ত করছে অথচ তারা তা বুঝেই না। (৭০) হে কিতাবের অনুসারীরা আল্লাহর আয়াতকে কেন অস্বীকার করছ?

وَأَنْتُمْ تَشْهَدُونَ ﴿٧١﴾ يٰأَهْلَ الْكِتٰبِ لِمَ تَلْبِسُونَ الْحَقَّ بِالْبٰطِلِ وَتَكْتُمُونَ

অআন্তুম্ তাশ্হাদূন্। ৭১। ইয়া~ আহ্লাল্ কিতা-বি লিমা তাল্বিসূনাল্ হাক্ব্ক্বা বিল্বা-ত্বিলি অতাক্তুমূনাল্
অথচ তোমরাই তার স্বাক্ষী। ৭(১) হে কিতাবীরা! কেন সত্যকে মিথ্যার সাথে মিলাও আর গোপন করছ।

৭ ع ৮ ১৫ রুকু

الْحَقَّ وَأَنْتُمْ تَعْلَمُونَ ﴿٧٢﴾ وَقَالَتْ طَّائِفَةٌ مِّنْ أَهْلِ الْكِتٰبِ اٰمِنُوا بِالَّذِي

হাক্ব্ক্বা অ আন্তুম্ তা'লামূন্। ৭২। অক্বা-লাত্ ত্বোয়া — য়িফাতুম্ মিন্ আহ্লিল্ কিতা-বি আ-মিনূ বিল্লাযী ~
সত্যকে, অথচ তোমার জান। (৭২) কিতাবের অনুসারীদের এক দল বলে, মু'মিনদের উপর অবতীর্ণ

أُنْزِلَ عَلَى الَّذِينَ اٰمَنُوا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوا اٰخِرَهُ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ۚ

উন্যিলা 'আলাল্লাযীনা আ-মানূ অজ্ব্হা ন্নাহা-রি অক্ফুরূ ~ আ-খিরাহূ লা'আল্লাহুম্ ইয়ার্জ্বি'উন্।
বিষয়কে দিনের শুরুতে বিশ্বাস কর আর শেষে প্রত্যাখ্যান কর। হয়ত তারা (ইসলাম থেকে) ফিরবে।

﴿٧٣﴾ وَلَا تُؤْمِنُوا إِلَّا لِمَنْ تَبِعَ دِينَكُمْ قُلْ إِنَّ الْهُدٰى هُدَى اللّٰهِ أَنْ يُؤْتٰى

৭৩। অলা-তু'মিনূ~ ইল্লা-লিমান্ তাবি'আ দীনাকুম্ ক্বুল্ ইন্নাল্ হুদা-হুদাল্লা-হি আইঁ ইয়ু'তা~
(৭৩) তোমাদের ধর্মের অনুসারী ছাড়া কাকেও বিশ্বাস করো না। আপনি বলে দিন, নিশ্চয়ই প্রকৃত পথ, আল্লাহর পথ; এজন্য যে,

أَحَدٌ مِّثْلَ مَا أُوتِيتُمْ أَوْ يُحَاجُّوكُمْ عِنْدَ رَبِّكُمْ ۗ قُلْ إِنَّ الْفَضْلَ بِيَدِ اللّٰهِ ۚ

আহাদুম্ মিছ্লা মা~ উতীতুম্ আও ইয়ুহা — জ্জ্বকুম্ 'ইন্দা রব্বিকুম্; ক্বুল্ ইন্নাল্ ফাদ্ব্লা বিইয়াদিল্লা-হি,
তোমাদের ন্যায় তাদেরকে দেয়া হবে; অথবা রবের নিকট তারা তর্ক করবে। বলুন, নিশ্চয়ই যাবতীয় দয়া আল্লাহর হাতে,

শানেনুযূলঃ আয়াত-৭২ ঃ মুনাফিক আবদুল্লাহ্ ইবনে ছাইফ, আদী ইবনে যাইদ এবং হারেস ইবনে আউফ নিজেদের মধ্যে পরামর্শ করে সিদ্ধান্ত নিল যে, সকালে মুহাম্মদ (ছঃ) এবং তাঁর সহচরবৃন্দের প্রতি ঈমান আনয়ন করবে আর সন্ধ্যায় মোর্তাদ বা ধর্মান্তর হয়ে যাবে এবং এটাই বলে দেব যে, আমাদের তৌরাত কিতাবে পাঠ করে এবং আমাদের আলেমদের নিকট জিজ্ঞেস করে যে সকল নিদর্শন জানতে পারলাম তাতে বুঝতে পারলাম যে, মুহাম্মদ (ছঃ) নবী নন। আমাদের এই চালের মাধ্যমে মুসলমানরাও হয়তো স্বধর্ম ত্যাগ করবে। তখন এ আয়াত অবতীর্ণ হয়, যাতে মুসলমানেরা এ ধোঁকা হতে সাবধান হয়।

يُؤْتِيهِ مَن يَشَاءُ ۚ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٧٤﴾ يَخْتَصُّ بِرَحْمَتِهِ مَن يَشَاءُ ۚ وَاللَّهُ

ইয়ু'তীহি মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম্। ৭৪। ইয়াখ্‌তাছ্‌ছু বিরহ্‌মাতিহী মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু

যাকে ইচ্ছা তা দান করেন। আল্লাহ সুপ্রশস্ত, জ্ঞানী। (৭৪) যাকে ইচ্ছা স্বীয় রহমত দ্বারা খাছ করে বেছে নেন; আল্লাহ

ذُو الْفَضْلِ الْعَظِيمِ ﴿٧٥﴾ وَمِنْ أَهْلِ الْكِتَابِ مَنْ إِن تَأْمَنْهُ بِقِنطَارٍ يُؤَدِّهِ

যুল্‌ফাদ্‌লিল্ 'আজীম্। ৭৫। অমিন্ আহ্‌লিল্ কিতা-বি মান্ ইন্ তা''মান্‌হু বিক্বিন্‌ত্বোয়া-রিইঁ ইয়ুআদ্দিহী ~

মহা অনুগ্রহশীল। (৭৫) আর কিতাবের অনুসারীদের মধ্যে এমন লোকও আছে যে রাশি রাশি মাল আমানত রাখলে

إِلَيْكَ ۖ وَمِنْهُم مَّنْ إِن تَأْمَنْهُ بِدِينَارٍ لَّا يُؤَدِّهِ إِلَيْكَ إِلَّا مَا دُمْتَ عَلَيْهِ

ইলাইকা, অমিন্‌হুম্ মান্ ইন্ তা''মান্‌হু বিদীনা- রিল্ লা-ইয়ুআদ্দিহী ~ ইলাইকা ইল্লা- মা-দুম্‌তা 'আলাইহি

সে ফেরত দেবে; আবার এমনও আছে- আপনি একটি দীনার আমানত রাখলে যতক্ষণ না দাঁড়িয়ে থাকবেন

قَائِمًا ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لَيْسَ عَلَيْنَا فِي الْأُمِّيِّينَ سَبِيلٌ ۖ وَيَقُولُونَ عَلَى اللَّهِ

ক্বা — য়িমা-; যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লাইসা 'আলাইনা- ফিল্ উম্মিয়্যীনা সাবীলুন্, অইয়াক্বূলূনা 'আলাল্লা-হিল্

ফেরত দেবে না, । কেননা, তারা বলে, অশিক্ষিতদের ব্যাপারে আমাদের দায়িত্ব নেই। মূলতঃ তারা জেনেশুনে

الْكَذِبَ وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٥﴾ بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَىٰ فَإِنَّ اللَّهَ يُحِبُّ

কাযিবা অহুম্ ইয়া'লামূন্। ৭৬। বালা-মান্ আওফা- বি'আহ্‌দিহী অত্তাক্বা- ফাইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্

আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে। (৭৬) হ্যাঁ, অবশ্যই যে ওয়াদা পালন করে মুত্তাকী হয়, তবে আল্লাহ্ মুত্তাকীদের পছন্দ

الْمُتَّقِينَ ﴿٧٦﴾ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ

মুত্তাক্বীন্।৭৭। ইন্নাল্লাযীনা ইয়াশ্‌তারূনা বি'আহ্‌দিল্লা-হি অ আইমা-নিহিম্ ছামানান্ ক্বালীলান উলা — য়িকা

করেন। (৭৭) যারা আল্লাহর সঙ্গেকার ওয়াদা ও নিজেদের শপথকে নগণ্য মূল্যে বিক্রয় করে, আখেরাতে

لَا خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ وَلَا يَنظُرُ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ

লা-খালাক্বা লাহুম্ ফিল্ আ-খিরাতি অলা-ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু অলা-ইয়ান্‌জুরু ইলাইহিম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি

এদের কোন অংশ নেই। আল্লাহ তাদের সঙ্গে কিয়ামতে না কথা বলবেন, না সুদৃষ্টি দেবেন, আর না পবিত্র

وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٧﴾ وَإِنَّ مِنْهُمْ لَفَرِيقًا يَلْوُونَ أَلْسِنَتَهُم

অলা-ইয়ুযাক্কীহিম্ অ লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ৭৮। অইন্না মিন্‌হুম্ লাফারীক্বাই ইয়াল্‌য়ূনা আল্ সিনাতাহুম

করবেন, তাদের জন্য পীড়াদায়ক আযাব আছে। (৭৮) তাদের মধ্যে একশ্রেণী মুখ বাঁকা করে কিতাব পড়ে

শানেনুযূল ঃ আয়াত-৭৫ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, হযরত আবদুল্লাহ ইবনে সালামের নিকট একজন কোরেশ বংশীয় লোক দু'হাজার দু'শ আশরাফী বা স্বর্ণ মুদ্রা আমানত রেখেছিল। আমানতদাতা ওগুলো পরে ফেরৎ তলব করার সাথে সাথে তিনি সত্বর ওগুলো উপস্থিত করে দিলেন। আর একজন কোরেশী লোক ফখ্‌খাছ ইবনে আযুরা নামক ইহুদীর নিকট একটি দিনার আমানত রেখেছিল। লোকটি যখন পরে তা ফেরৎ চাইল তখন সে প্রত্যাখ্যান করল এবং বলল, যারা ইহুদী নয়, তারা মূর্খ, এবং মূর্খদের সম্পদ আত্মসাৎ করা আমাদের জন্য বৈধ এবং শরীয়তের বিধান মতে এতে আমরা দায়ী হব না। এ বিষয়ে আয়াতটি অবতীর্ণ হয়। রুহুল-মাআনীতে ইবনে জুরাইজ (রাঃ) হতে বর্ণিত আছে, আইয়ামে জাহিলিয়াতের সময় ইহুদীদের সাথে মুসলমানদের ক্রয়-

بِالْكِتٰبِ لِتَحْسَبُوْهُ مِنَ الْكِتٰبِ وَمَا هُوَ مِنَ الْكِتٰبِ ۚ وَيَقُوْلُوْنَ هُوَ مِنْ

বিল্ কিতা-বি লিতাহ্সাবূহু মিনাল্ কিতা-বি অমা-হুঅ মিনাল্ কিতা-বি, অইয়াক্বূলূনা হুঅ মিন্

যেন তাকে কিতাবই মনে কর; অথচ তা কিতাবের অংশ নয়; আর তারা বলে, এটা আল্লাহর

عِنْدِ اللّٰهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَيَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ

'ইনদিল্লা-হি অমা-হুঅ মিন্ 'ইন্দিল্লা-হি, অইয়াক্বূলূনা 'আলাল্লা-হিল্ কাযিবা অ হুম্ ইয়া'লামূন্।

পক্ষ হতে অথচ ওটা আল্লাহর পক্ষ হতে নয়, তারা জেনে-শুনে আল্লাহর উপর মিথ্যারোপ করে।

(٧٩) مَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّؤْتِيَهُ اللّٰهُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُوْلَ

৭৯। মা-কা-না লিবাশারিন্ আইঁ ইয়ু''তিয়াহুল্লা-হুল্ কিতা-বা অল্ হুক্মা অ নুবুওঁয়্যাতা ছুম্মা ইয়াক্বূলা

(৭৯) কোন ব্যক্তির জন্য এটা সম্ভব নয় যে, আল্লাহ তাকে কিতাব, বিধান ও নবুয়ত দেবেন, আর সে লোকদের বলবে,

لِلنَّاسِ كُوْنُوْا عِبَادًا لِّيْ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ كُوْنُوْا رَبّٰنِيّٖنَ بِمَا كُنْتُمْ

লিন্না-সি কূনূ 'ইবাদা ল্লী মিন্ দূনিল্লা-হি অলা-কিন্ কূনূ রব্বা-নিয়্যীনা বিমা-কুন্তুম্

আল্লাহকে বাদ দিয়ে আমার বান্দা হও বরং (বলবে) সকলেই আল্লাহওয়ালা হও যেহেতু তোমরা

تُعَلِّمُوْنَ الْكِتٰبَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُوْنَ (٨٠) وَلَا يَاْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا

তু'আল্লিমূনাল্ কিতা-বা অবিমা-কুন্তুম্ তাদ্রুসূন্। ৮০। অলা-ইয়া''মুরাকুম্ আন্ তাত্তাখিযুল্

কিতাব শিক্ষা দিচ্ছ এবং শিক্ষা করছ। (৮০) তিনি নির্দেশ দেবেন না যে, তোমরা ফেরেশ্তা ও নবীদেরকে

৮ ع ৯ ১৬ রুকু

الْمَلٰٓئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا ۗ اَيَاْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ اِذْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ (٨١) وَاِذْ

মালা — য়িকাতা অ ন্নাবিয়্যীনা আর্বা-বা-; আইয়া''মুরুকুম্ বিল্কুফ্রি বা'দা ইয্ আন্তুম্ মুসলিমূন্। ৮১। অইয্

রবরূপে গ্রহণ কর। সেকি তোমাদের নির্দেশ দেবে কুফরী করতে, এ অবস্থায় যে তোমরা মুসলমান? (৮১) (স্মরণ কর) যখন

اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَآ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ ثُمَّ جَآءَكُمْ

আখাযাল্লা-হু মীছা-ক্বান নাবিয়্যীনা লামা~ আ-তাইতুকুম্ মিন্ কিতা-বিওঁ অহিক্মাতিন্ ছুম্মা জ্বা — য়াকুম্

আল্লাহ নবীদের প্রতিজ্ঞা নিলেন যে, তোমাদেরকে আমি যে কিতাব ও হিকমত দেব, তারপর তোমাদের কাছে যা আছে

رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ۗ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ

রাসূলুম্ মুছোয়াদ্দিক্বুল্ লিমা- মা'আকুম্ লাতু'মিনুন্না বিহী অ লাতান্ছুরুন্নাহ্; ক্বা-লা আআক্বরার্তুম্ ওয়া আখায্তুম্

তার সমর্থকরূপে রাসূল আসবে, তখন তাকে বিশ্বাস ও সাহায্য করবে। বললেন, তোমরা স্বীকার করলে? আর এ ব্যাপারে

রাসূলুল্লাহ বিক্রয় সংক্রান্ত মু'আমালা চলতে ছিল। কিন্তু পরে কোরেশী কাফেরদের মধ্যে যারা মুসলমান হয়ে যায়, তাঁরা যখন পূর্ব লেন-দেনের কথা উত্থাপন করেন তখন সে মহাজন ইহুদীরা বলে ওঠে, "আমাদের নিকট না তোমাদের কোন আমানত আছে, আর না আমরা তোমাদের প্রাপ্য শোধ করব; যেহেতু তোমরা স্ব-ধর্ম ত্যাগ করেছ' এবং আরও বলতে লাগল যে, এ আদেশ আমাদের তৌরাতে আছে। তখন আল্লাহ তা'আলা বললেন, "তারা জেনে শুনে আল্লাহর প্রতি মিথ্যারোপ করে। শানেনুযূল- আয়াতঃ ৭৯ঃ ঘটনা ইহুদী আলেমরা এবং নাজরানের ঈসায়ীরা নবী করীম (ছঃ)-এর দরবারে উপস্থিত হলে তিনি তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন, তখন ইহুদীরা বলল, "হে মুহাম্মদ! তোমার আকাঙ্ক্ষা কি আমরা তোমার ইবাদত শুরু করি, যেমন খৃস্টানরা ঈসা (আঃ)-এর ইবাদত

عَلٰى ذٰلِكُمْ اِصْرِىْ ؕ قَالُوْٓا اَقْرَرْنَا ؕ قَالَ فَاشْهَدُوْا وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ۞

'আলা- যা-লিকুম্ ইছ্রী; ক্বা-লূ ~ 'আক্ব্রার্না-; ক্বা-লা ফাশ্হাদূ অ আনা মা'আকুম্ মিনাশ্ শা-হিদীন্।

আমার ওয়াদা কি গ্রহণ করলে? তারা বলল, স্বীকার করলাম। তিনি বললেন, সাক্ষী থাক তোমাদের সঙ্গে আমিও সাক্ষী রইলাম।

۸۲ فَمَنْ تَوَلّٰى بَعْدَ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ۞ ۸۳ اَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ

৮২। ফামান্ তাওয়াল্লা-বা'দা যা-লিকা ফাউলা — য়িকা হুমুল্ ফা-সিক্বূন্। ৮৩। আফাগাইরা দীনিল্লা-হি ইয়াব্গূনা

(৮২) এর পরেও যারা অমান্য করবে তারাই ফাসেক। (৮৩) আল্লাহর দ্বীন ছাড়া তারা কি অন্য দ্বীন চায়? অথচ তাকেই

وَلَهٗٓ اَسْلَمَ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّاِلَيْهِ يُرْجَعُوْنَ ۞ ۸۴ قُلْ

অলাহূ ~ আস্লামা মান্ ফিস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বি ত্বোয়াও'আওঁ অ কারহাওঁ অইলাইহি ইয়ুর্জা'উন্। ৮৪। ক্বুল্

মানছে আসমান যমীনের সব কিছু ইচ্ছায় অনিচ্ছায় তাঁর সমীপে সবাই ফিরবে। (৮৪) বলুন,

اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ عَلَيْنَا وَمَآ اُنْزِلَ عَلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ وَ

আ-মান্না- বিল্লা-হি অমা ~ উন্যিলা 'আলাইনা- অমা ~ উন্যিলা 'আলা ~ ইব্রা-হী-মা অ ইসমা-'ঈলা অ ইসহা-ক্বা অ

আমরা ঈমান এনেছি আল্লাহ ও আমাদের প্রতি অবতীর্ণ বিষয় এবং যা কিছু নাযিল হয়েছে, ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক,

يَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَمَآ اُوْتِىَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ مِنْ رَّبِّهِمْ ۚ لَا

ইয়া'ক্বূবা অল্ আসবা-ত্বি অমা ~ ঊতিয়া মূসা- অ'ঈসা- অন্নাবিয়্যূনা মির্ রব্বিহিম্ লা-

ইয়া'কূব ও তাঁর বংশধরের প্রতি অবতীর্ণ বিষয় আর যা মূসা, ঈসা ও নবীদেরকে রবের পক্ষ হতে দেয়া হয়েছে-

نُفَرِّقُ بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۚ وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ۞ ۸۵ وَمَنْ يَّبْتَغِ غَيْرَ الْاِسْلَامِ

নুফার্রিক্ব বাইনা আহাদিম্ মিন্হুম্ অনাহ্নু লাহূ মুসলিমূন্। ৮৫। অমাইঁ ইয়াব্তাগি গাইরাল্ ইসলা-মি

তাদের মাঝে পার্থক্য করি না; আমরা তাঁরই অনুগত। (৮৫) আর যে ইসলাম ছাড়া অন্য দ্বীন অন্বেষণ করে

دِيْنًا فَلَنْ يُّقْبَلَ مِنْهُ ۚ وَهُوَ فِى الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ۞ ۸۶ كَيْفَ يَهْدِى

দীনান্ ফা লাইঁ ইয়ুক্ব্বালা মিন্হু, অহুঅ ফিল্ আ-খিরাতি মিনাল্ খা-সিরীন্। ৮৬। কাইফা ইয়াহ্দিল

তা কখনও কবূল করা হবে না, আর সে পরকালে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। (৮৬) আল্লাহ্ কিভাবে হেদায়েত

اللّٰهُ قَوْمًا كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ وَشَهِدُوْٓا اَنَّ الرَّسُوْلَ حَقٌّ وَّجَآءَهُمُ

লা-হু ক্বাওমান্ কাফারূ বা'দা ঈমা-নিহিম্ অশাহিদূ ~ আন্নার্ রাসূলা হাক্ব্কুঁও অজ্বা — আহুমুল্

দেবেন এমন সম্প্রদায়কে যারা ঈমান গ্রহণ, রাসূলকে সত্যরূপে সাক্ষ্যদান এবং স্পষ্ট নিদর্শন আসবার

করে?(ছঃ) বললেন, তওবা নাউযু বিল্লাহ, আমি তো বলছি, তোমাদের মধ্যে যেরূপ দীনদারী ছিল, অর্থাৎ আসমানী কিতাব পাঠ করতে এবং শিক্ষা দিতে এবং তদনুযায়ী আমল করতে, এখন তোমরা আমার সংস্পর্শে থেকে পুনরায় সেই উৎকর্ষতা অর্জন কর; যাতে তোমাদের পরকালের অবস্থাও ঠিক হয়ে যেত। তখন আয়াতটি নাযিল হয়। হযরত হাসান (রাঃ) হতে এটাও বর্ণিত আছে, জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ (ছঃ)-এর সমীপে আবেদন করল, "আমরা তো কেবল আপনাকে সালামই করি, যেরূপ সালাম আমরা সচরাচর পরস্পরের মধ্যে করে থাকি, আমরা কি আপনাকে সেজদা করব না? যদ্দারা আপনি আমাদের মধ্যে স্বতন্ত্র হয়ে থাকেন।" রাসূলুল্লাহ (ছঃ) এতে বাধা দিয়ে বললেন, কখনও না বরং তোমরা আপন নবীর সম্মান কর এবং হক্বদারের হক্ব নিরীক্ষণ করে লও। কেননা, আল্লাহ ছাড়া আর কাকেও সেজদা করা দুরস্ত নয়। শানেনুযূল- আয়াত ৮৬ ঃ আনসারীদের এক ব্যক্তি মুতাদ হয়ে গিয়েছিল। আর

الْبَيِّنٰتُ ۭ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝٨٧ اُولٰۗىِٕكَ جَزَاۗؤُهُمْ اَنَّ

বাইয়্যিনাত, অল্লা-হু লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাজ্জোয়া-লিমীন্। ৮৭। উলা —য়িকা জ্বাযা —যুহুম্ আন্না

পরেও কুফুরী করে। আল্লাহ্ জালিম কাওমকে কখনও হিদায়েত করেন না। (৮৭) এদের প্রতিদান হল, নিশ্চয়ই

عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ وَالْمَلٰۗىِٕكَةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ۝٨٨ خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ

'আলাইহিম্ লা'নাতাল্লা-হি অল্‌মালা —য়িকাতি অন্না-সি আজ্‌মা'ঈন্। ৮৮। খা-লিদীনা ফীহা-, লা-ইয়ুখাফ্‌ফাফু

তাদের প্রতি আল্লাহর লানত আর ফেরেশতা ও সকল মানুষের। (৮৮) ওতে চিরকাল থাকবে; না তাদের আযাব

عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ۝٨٩ اِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْۢ بَعْدِ ذٰلِكَ

'আন্‌হুমুল্ 'আযা-বু অলা-হুম্ ইয়ুন্‌জোয়ারূন্। ৮৯। ইল্লাল্লাযীনা তা-বূ মিম্ বা'দি যা-লিকা

কমানো হবে, আর না তাদের অবকাশ দেয়া হবে। (৮৯) তবে তাদের ছাড়া যারা তাওবা করে

وَاَصْلَحُوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝٩٠ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ اِيْمَانِهِمْ

অআছ্‌লাহূ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ৯০। ইন্নাল্লাযীনা কাফারূ বা'দা ঈমা-নিহিম্

এবং সংশোধিত হয়, আল্লাহ ক্ষমাশীল, দয়াময়। (৯০) যারা ঈমানের পর কুফুরী করে এবং

ثُمَّ ازْدَادُوْا كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَاُولٰۗىِٕكَ هُمُ الضَّاۗلُّوْنَ ۝٩١ اِنَّ الَّذِيْنَ

ছুম্মাযْদা-দূ কুফ্‌রাল্লান্ তুক্‌ব্‌বালা তাওবাতুহুম্, অউলা —য়িকা হুমুদ্ব দ্বোয়া —লূন্। ৯১। ইন্নাল্লাযীনা

কুফুরীতে বাড়াবাড়ি করে, তাদের তাওবা কখনও কবূল হবে না, এরাই প্রকৃত পথভ্রষ্ট। (৯১) নিশ্চয়ই যারা

كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ اَحَدِهِمْ مِّلْءُ الْاَرْضِ

কাফারূ অমা-তূ অহুম্ কুফ্‌ফা-রুন্ ফালাই ইয়ুক্‌ব্‌বালা মিন্ আহাদিহিম্ মিল্‌উল্ আর্‌দ্বি

কাফের এবং কাফের অবস্থায় মারা যায়, মুক্তির জন্য কারোর নিকট থেকে বিনিময়ে দুনিয়া ভর সোনাও

৯ ع ১১ ১৭ রুকু

ذَهَبًا وَّلَوِ افْتَدٰى بِهٖ ۭ اُولٰۗىِٕكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ۝

যাহাবাওঁ অলাওয়িফ্ তাদা-বিহ্; উলা —য়িকা লাহুম্ 'আযা-বুন্ আলীমুওঁ অমা-লাহুম্ মিন্ না-ছিরীন্।

গৃহীত হবে না,। এদের জন্য রয়েছে পীড়াদায়ক আযাব এবং এদের জন্য কোন সাহায্যকারী নেই।

অন্য রেওয়ায়েতে বর্ণিত তোমা ও হারেছ নামক দু ব্যক্তি মুর্তাদ হয়ে গিয়েছিল। অতঃপর তারা লজ্জিত হয়ে আপন গোত্রের লোকদেরকে বলল, তোমরা হুযুর (ছঃ)-এর নিকট জিজ্ঞেস করে দেখ, আমাদের জন্য তওবা করার কোন পথ আছে কি না? তখন এ আয়াতটি নাযিল হয়। রাসূলুল্লাহ (ছঃ) এ আয়াত লিপিবদ্ধ করে তাদের স্ব-গোত্রীয় লোকদের নিকট পাঠিয়ে দিলে তারা পুনরায় ইসলাম গ্রহণ করলেন।

শানেনুযূল ঃ আয়াত -৯০ ঃ হযরত ক্বাতাদাহ ও হযরত হাসান (রাঃ) বলেছেন, ইহুদী-নাসারারা প্রথমে রাসূলুল্লাহ ছল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গুণাবলী ও চারিত্রিক আদর্শের প্রতি ঈমান এনেছিল। কিন্তু পরে অস্বীকার করে এবং কুফরীর উপর দৃঢ় হয়ে যায়, এ প্রসঙ্গে এ আয়াতটি নাযিল হয়।– ফতহুল বায়ান। উপলব্ধি ঃ এ আয়াতে আল্লাহ্ তা'আলা ফিদইয়ার কথা উল্লেখ করে এরশাদ করেন যে, যারা কুফরীর উপর মৃত্যুমুখে পতিত হয় তারা যদি জমিনভর স্বর্ণও ফিদইয়া দেয়, তবু কোন লাভ হবে না, যেমন আবদুল্লাহ্ ইবনে জাদআন সম্পর্কে রাসূলুল্লাহ(ছঃ)-এর কাছে জিজ্ঞেস করা হয়েছিল যে, সে মেহ্‌মানদারী করে, কয়েদীদের মুক্ত করে, অভাবীদের আহার করায়, এসব কি তার কোন কাজে আসবে না, রাসূলুল্লাহ (ছঃ) বললেন, না, যেহেতু সে একদিনও বলেনি যে, হে আল্লাহ! আমাকে কেয়ামতের দিন মাফ করে দিও। এতে বুঝা গেল যে, কাফেররা দুনিয়ায় খয়রাত করুক আর আখেরাতে ফিদইয়া দিক, কোন কিছুই তাদের কোন কাজে আসবে না। আয়াত-৯১ ঃ টীকা ঃ হযরত আনাস (রাঃ) হতে বর্ণিত, কোন জাহান্নামীকে কিয়ামতের দিন যখন বলা হবে, গোটা পৃথিবীটাই সামগ্রিকভাবে যদি তোমার আছে ধরে লওয়া হয়, তবে এই শাস্তি হতে নাজাত লাভের জন্য বিনিময়স্বরূপ তার সবই দিয়ে দিবে তো? তখন সে উত্তরে হ্যাঁ বলবে। আল্লাহ্ তা'আলা বলবেন, পৃথিবীতে এরচেয়ে অনেক সহজ কাজই তোমার নিকট চেয়েছিলাম। তোমার পিতা আদমের পৃষ্ঠদেশ হতে বের করে তোমার নিকট হতে স্বীকৃতি নিয়েছিলাম? আমার সাথে কাকেও অংশিদার সাব্যস্ত না করার, কিন্তু তা তুমি রক্ষা করলে না এবং শরীক করা হতে বিরত থাকলে না।